



আত্রাবাদ বালিকা বিদ্যালয়

রোডঃ ১৭, সিডিএ আবাসিক এলাকা, চট্টগ্রাম

পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের জন্য ষষ্ঠ সপ্তাহের এ্যাসাইনমেন্টের বিষয়বস্তু

মোট সময়: ৩ ঘন্টা, তিন বিষয়ের জন্য ১ ঘন্টা ৩০ মিনিট

বিষয়: বাংলা

প্রদত্ত অনুচ্ছেদটি পড়ে ১ ও ২ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখো:

ভোর না হতেই লাঙ্গল জোয়াল কাঁধে তারা মাঠে যায়। রোদে পুড়ে বৃষ্টিতে ভিজে কষ্ট করে তারা ফসল ফলায়। পাকা ধানের সোনালি রং দেখে কৃষকের মুখে হাসি ফোটে। আমাদের কৃষকের মন এদেশের মাটির মতই নরম। তারা খুবই পরিশ্রমী। এদেশের মেয়েরাও কম পরিশ্রমী নয়। তারাও ঘরে বাইরে প্রচুর কাজ করে। অবসর সময়ে নানা রকম সৌখিন জিনিস বানায়। পাটের আঁশ বিভিন্ন রঙে রাঙিয়ে তারা তৈরি করে বিভিন্ন রকমের শিকা। রঙিন সুতা দিয়ে তৈরি করে নকশি পাখা। সুই সুতা দিয়ে সেলাই করে নকশি কাঁথা, নকশি কাঁথায় থাকে লতাপাতা, ফুল, ধানের ছড়া, চাঁদ, তারা পাখি ও নানা রকমের ছবি। এদেশের কামার কুমোর মাটি দিয়ে নানা প্রয়োজনীয় জিনিস তৈরি করে। স্বর্ণকার তৈরি করে সোনার অলংকার, চর্মকার বানায় জুতো, কামার বানায় কৃষি কাজের যন্ত্রপাতি, কুমোর গড়ে মাটির হাঁড়ি, পাতিল, মূর্তি ও পোড়ামাটির ফলক। প্রাচীনকাল থেকেই এখানকার মানুষ কাপড় বোনার জন্য বিখ্যাত। এককালে এ দেশে তৈরি হতো মূল্যবান মসলিন কাপড়। তাঁতীরা এখনো রেশমী, জামদানী ও সুতি কাপড় বোনে।।

১। নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেয়া হলো। নিচের বাক্যগুলোর শূণ্যস্থানে উপযুক্ত শব্দটি উত্তরপত্রে লেখ।

৫

শব্দ	শব্দার্থ
বিখ্যাত	বিশেষ খ্যাতি সম্পন্ন
ফলক	পাটা বা পাটার মত চওড়া
শিল্প	কারুকার্য, চারুকার
মানুষ	আদমি, নৃ, মানব
সোনালি	স্বর্ণের মত রং বিশিষ্ট

ক) বাংলাদেশের _____ খুবই পরিশ্রমী।

খ) পাটকে _____ আঁশ বলা হয়।

গ) মেলায় বিভিন্ন ধরনের _____ সামগ্রী পাওয়া যায়।

ঘ) মাটির তৈরি _____ দেখতে ভারি সুন্দর।

ঙ) মসলিন কাপড় এক সময় পৃথিবী _____ ছিল।

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখো:

৫×২=১০

ক) পাঁচটি বাক্যে বাংলাদেশের মানুষের পেশার পরিচয় দাও।

খ) গ্রামের মহিলারা অবসর সময়ে কি কি কাজ করে আলোচনা কর।

৩। মনে করো, তুমি আবিদা ইয়াসমিন। তুমি আন্তঃজেলা বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে চাও। এখন নিচের ফরমটি পূরণ কর।

৫

আন্তঃজেলা প্রাথমিক বিদ্যালয়
ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ফরম

১. শিক্ষার্থীর নাম : _____

২. পিতার নাম : _____

৩. মাতার নাম : _____

৪. বিদ্যালয়ের নাম : _____

৫. শ্রেণি : _____

প্রধান শিক্ষকের স্বাক্ষর

শিক্ষার্থীর স্বাক্ষর

Subject: English

Read the following text carefully.

Sometimes the food we like to eat isn't the healthiest food for us. The Food Pyramid helps us to understand the different food groups and it tells us how much of each food group we should eat.

We eat more of the foods at the bottom of the Pyramid. These are things made from grain, for example, rice, ruti and bread. Potatoes are not grains but they are similar. Grains give us energy.

Fruits and vegetables are in the next level of the Pyramid. They have vitamins. They help our eyes and health.

On the next level, there are fish, meat, dairy products, beans and lentils. Meat fish and chicken have protein. Beans and lentils do, too!

Dairy products are things like milk and eggs. They help our teeth and bones. Protein and dairy make us strong.

Fat and oil are at the top of the Food Pyramid. These make food delicious, but our body does not need very much of them.

1. Answer the following question:

2×6=12

- What is food Pyramid?
- Which type of food should we eat much and why?
- What contain vitamins?
- Where do we get protein?
- What does protein do to our body?
- Which food do we need the least?

2. Are you health conscious? Write about your food habit.

3

বিষয়: গণিত

১। একটি পার্কে লাল রঙের বাতি ১২ মিনিট, হলুদ রঙের বাতি ১৮ মিনিট এবং সবুজ রঙের বাতি ২৪ মিনিট পর পর জ্বলে।

ক) প্রথমে একসাথে জ্বলার পর বাতিগুলো কতক্ষণ পর পুনরায় একসাথে জ্বলবে? ৪

খ) বাতিগুলো সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে একসাথে জ্বলার পর পরবর্তীতে কখন পুনরায় একসাথে জ্বলবে? ৪

২। রাস্তার পাশে কিছু নারিকেল গাছ ২০ মিটার পরপর এবং সুপারিগাছ ৩০ মিটার পরপর লাগানো হয়েছে।

ক) রাস্তার শুরুতে নারিকেল গাছ ও সুপারি গাছ একত্রে থাকলে কত মিটার পরপর নারিকেল গাছ এবং সুপারি গাছ পুনরায় একসাথে থাকবে? ৪

খ) যদি নারিকেল গাছ ২৫ মিটার পরপর লাগানো হয় তাহলে নূন্যতম কত মিটার পর গাছ গুলো একসাথে থাকবে? ৪

৩। ল.সা.গু নির্ণয় কর: $2 \times 2 = 4$

ক) ১৬, ২০, ৩২

খ) ৯, ১৫, ১৮

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়

১। শূন্যস্থান পূরণ কর: $1 \times 8 = 8$

ক) বাংলাদেশ _____ দেশ।

খ) বর্তমানে আমরা সকলের জন্য খাদ্য উৎপাদন করতে _____।

গ) মানুষের মৌলিক চাহিদার অন্যতম হচ্ছে _____।

ঘ) _____ অগ্রগতিতে শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ঙ) আমাদের মোট জনসংখ্যার _____ শতাংশ _____ এখনও _____।

চ) _____ কারণে অনেকে উপার্জন করতে পারে না।

ছ) প্রতিবছর প্রায় _____ লক্ষ মানুষ মোট জনসংখ্যার সাথে যুক্ত হচ্ছে।

২। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও: $6 \times 2 = 12$

ক) মৌলিক চাহিদা কী? মৌলিক চাহিদা পূরণ হওয়া প্রয়োজন কেন? চারটি মৌলিক চাহিদার নাম লেখ।

খ) সমাজের উপর অধিক জনসংখ্যার প্রভাব ছয়টি বাক্যে লেখ।

বিষয়: বিজ্ঞান

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর লিখ: $2 \times 5 = 10$

ক) বায়ু দূষণ কাকে বলে?

খ) শ্বাসজনিত রোগীর জন্য কোন গ্যাসের সিলিন্ডার ব্যবহার করবে?

গ) জীবাশ্ম জ্বালানি কী?

ঘ) এসিড বৃষ্টির দুইটি ক্ষতিকর দিক লিখ।

ঙ) রান্নাঘরে বায়ু দূষণ কমানোর একটি উপায় লিখ।

২। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও: $5 \times 2 = 10$

ক) বায়ু দূষণের সবচেয়ে বড় কারণ কী? রিসাইকেল প্রক্রিয়া কিভাবে বায়ু দূষণ কমাতে পারে, তা চারটি বাক্যে লিখ।

খ) উদ্ভিদ খাদ্য তৈরিতে বায়ুর কোন উপাদান ব্যবহার করে? আমাদের দৈনন্দিন জীবনে বায়ু প্রবাহের ব্যবহার চারটি বাক্যে লিখ।

বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা

১। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে লিখ: $2 \times 2 = 4$

ক) তোমার পালনকর্তার নাম কী? তাঁর দুটি গুণের নাম লেখ।

খ) নবি-রাসূল কেন প্রেরণ করা হয়েছে? বুঝিয়ে লেখ।

২। সঠিক শব্দ দিয়ে শূণ্যস্থান পূরণ কর: $1 \times 8 = 8$

ক) ইসলামের _____ মৌলিক বিশ্বাস রিসালাত।

খ) _____ শব্দের অর্থ সর্বশক্তিমান।

গ) নবি-রাসূলের _____ কে রিসালাত বলে।

ঘ) বাসিরুন অর্থ _____।

২। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও: $6 \times 2 = 12$

ক) মনে কর, তুমি একটি পাপ কাজ করেছ? অনুতপ্ত হয়ে কার কাছে ক্ষমা চাইবে? তাঁর ক্ষমাশীলতা সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।

খ) রিসালাত কাকে বলে? নবি-রাসূলের শিক্ষা অনুসরণে তুমি কর এমন চারটি কাজের কথা লেখ।

বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

১। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও: $5 \times 2 = 10$

ক) সম্প্রীতি কী? ধর্মীয় সাম্য রক্ষার জন্য তুমি কী কর। এ সম্পর্কে চারটি বাক্য লেখ।

খ) পার্থ নামটি কার? তাঁকে কে উপদেশ দিয়েছিলেন? শ্রীমদ্ভগবদ্গীতায় উপাসনা সম্পর্কে পার্থকে যে উপদেশ দেওয়া হয়েছিল তা অর্থসহ লেখ।

২। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশের মিল করে উত্তরপত্রে লেখ: $2 \times 5 = 10$

বাম	ডান
ক) মানুষে মানুষে কোনো পার্থক্য করা	ক) উচিত।
খ) বিভিন্ন ধর্মের মত ও পথের মধ্যে	খ) উচিত না।
গ) মুসলমানেরা সৃষ্টিকর্তাকে বলেন	গ) একই মনুষ্যত্ব।
ঘ) খ্রিষ্টানেরা উপাসনালয়কে বলেন	ঘ) পার্থক্য রয়েছে।
ঙ) সকলের মধ্যে রয়েছে	ঙ) মন্দির।
	চ) আল্লাহ।
	ছ) গির্জা।

বিষয়: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

১। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশের মিল করে উত্তরপত্রে লেখ: $2 \times 5 = 10$

বাম	ডান
ক) প্রাণীগণ নিজ নিজ	ক) নিজেই সুখ ভোগ করে।
খ) খারাপ কাজ করলে	খ) মানুষেতে সুরাসুর।
গ) নিজের সুকর্মের জন্য	গ) মৃত্যুশয্যায় শায়িত হলেন।
ঘ) মূর্খ ব্যক্তি যখন পাপকর্ম করে	ঘ) সবাই নিন্দা করে।
ঙ) মানুষের মাঝে স্বর্গ-নরক	ঙ) কর্মের অধীন।
	চ) তখন তা বুঝতে পারে না।

২। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

- ক) কর্মবাদ কাকে বলে? ২
- খ) ধার্মিক উপাসক কখন উপোসথ পালন করতেন? ২
- গ) সুকর্ম ও দুষ্কর্মের মধ্যে পার্থক্য নির্ণয় কর। ৬

দ্রষ্টব্যঃ প্রতিটি বিষয়ের জন্য পৃথক পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে।